ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৭৪ ● কলকাতা ● ০৪ চৈত্র, ১৪৩১ ● মঙ্গলবার ● ১৮ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## বিজেপি সভাপতি নির্বাচন নিয়ে চাপানউতোরের মাঝে দিল্লিতে শুভেন্দু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদারের উত্তরসূরি কে, তা নিয়ে তুঙ্গে চর্চা। রবিবার সল্টলেকের কার্যালয়ে বৈঠকেও বসেন রাজ্য বিজেপির কোর কমিটির সদস্যরা। তার চব্বিশ ঘণ্টা পার হতে না হতেই দিল্লির উদ্দেশে রওনা শুভেন্দু অধিকারী। আচমকা কেন রাজধানীতে পাড়ি দিলেন রাজ্যের বিরোধী দলনেতা?রাজ্য বিজেপি সভাপতির ইঙ্গিতপূর্ণ মন্তব্য, "রাজ্য

এরপর ৩ পৃষ্ঠায়


## একদা সরকারকে হুঁশিয়ারি দেওয়া কাসেম মমতার ইফতার মঞ্চে, ছাব্বিশের ভোটের আগে দূরত্ব ঘুচছে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ঘটনা ২০২৩ সালের। ২১ জানুয়ারি ইন্ডিয়ান সেকুলার ফ্রন্টের প্রতিষ্ঠাতা দিবসে কলকাতার ধর্মতলায় একটি সভা ছিল। সেদিন সকালে উত্তপ্ত হয়ে উঠেছিল ভাঙড়। অন্যদিকে ধর্মতলার সভায় ধুন্ধুমার পরিস্থিতির সৃষ্টি হয়। পুলিশ এবং আইএসএফের সংঘর্ষের ঘটনায় গ্রেফতার হন আইএসএফ বিধায়ক নওসাদ -সহ তাঁর দলের ১৮ জন।এ ব্যাপারে আগেভাগেই আজ একপ্রকার বক্তব্য রেখেছিলেন ক্যানিং পূর্বের বিধায়ক তথা ভাঙড়ের তৃণমূল পর্যবেক্ষক শওকত মোল্লা। তিনি বলেন, "একটা সময় যারা তাঁকে নিয়ে কুৎসা করত, অপপ্রচার করত, আজ তারাই দিদির ডাকে সাড়া দিয়ে, সরকারের ডাকে সাড়া দিয়ে ইফতার মজলিশে আসছে। এটা নীতিগত জয় বলে মনে করি।"আইএসএফ বিধায়ককে দেখতে ফুরফুরা শরিফের তিন পীরজাদা ও তাঁদের অনুগামীরা হাজির হয়েছিলেন লালবাজারে। প্রথমে সেই সাক্ষাৎ-এ পুলিশি বাধা

এরপর ৩ পাতায়






# বাগনানে পথ দূর্ঘটনায় মৃত্যু সন্ন্যাসী সহ দুই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সোমবার সাত সকালে হাওড়ার বাগনানের চন্দ্রপুরে ১৬ নং জাতীয় সড়কের উপর ঘটে যাওয়া এক মর্মান্তিক পথ দূর্ঘটনায় মৃত্যু হল এক সন্ন্যাসী সহ দুই আরোহীর। জানা গিয়েছে কলকাতার গড়িয়া ভারত সেবাশ্রম সংঘ থেকে বাসন্তী পূজা উপলক্ষ্যে জনসেবা মূলক কাজের আগাম প্রস্তুতি হিসাবে গাড়ি বোঝাই জিনিসপত্র নিয়ে মহিষাদলের ভারত সেবাশ্রম সঙ্ঘে যাওয়ার পথে হাওড়ার বাগনানের কাছে নিয়ন্ত্রণ হারিয়ে একটি টাটা ৪০৭ গাড়ি রাস্তার উল্টো দিকের লেনে ঢুকে বালির লরির সঙ্গে মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হল এক সন্ন্যাসী ও সেবকের। ঘটনাটি ঘটেছে সোমবার সকাল সাড়ে ছটা নাগাদ। অন্য একজন সন্ন্যাসীর মাথায় গুরুতর চোট লেগেছে। আহত অবস্থায় তাকে উলুবেড়িয়ার শরৎচন্দ্র চট্টোপাধ্যায় মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। গাড়ির চালক এবং আরো কয়েকজন সেবক এই ঘটনায় আহত হয়েছেন বলে জানা গিয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

কলকাতার বালিগঞ্জে ভারত সেবাশ্রম সংঘের প্রধান কার্যালয় থেকে জানানো হয়েছে ভারত সেবাশ্রম সঙ্ঘের সন্ন্যাসী স্বামী শুভঙ্করানন্দ মহারাজ (৫৫)ও সেবক বাসুদেবের (৬০) মৃত্যু হয়েছে।

গুরুতর জখম হয়েছেন স্বামী অমরানন্দ মহারাজ ।এই দূর্ঘটনার কারন হিসাবে গাড়ির দ্রুত গতি ও চালকের ঘুমিয়ে পড়াকেই প্রাথমিক ভাবে মনে করছে পুলিশ।

## 'এই সমস্যা কখনই বাংলায় ছিল না, বলতে বাধ্য হচ্ছি..' চটে লাল বিচারপতি,



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

শিব মন্দিরে ঢুকতে বাধা। এবার সেই জল গড়াল হাইকোর্টে । মামলাকারীদের অভিযোগ, তারা তফশিলি জাতির হওয়ায় শিব মন্দির ব্যবহার করতে দেওয়া হচ্ছে না। জেলা প্রশাসন নির্দেশ দিয়েছিল বৈঠক করে বিষয়টি মীমাংসা করে নিতে। কিন্তু লাভের লাভ কিছুই হয়নি।ক্ষুব্ধ হাইকোর্টের নির্দেশ, "ওসি নয়, কোনও সিনিয়র অফিসারকে দায়িত্ব নিতে হবে। এর নেপথ্যে যদি অন্য কোনও কারণ থাকেও সেটাও খুঁজে বের করতে হবে পুলিসকে। শুধু অফিসে বসে বসে রিপোর্ট তৈরি করছে!" আবার বিস্তারিত রিপোর্ট দেওয়ার নির্দেশ দিয়েছেন জাস্টিস ঘোষ।অভিযোগ 'সিডিউল কাস্ট'

এরপর ৪ পাতায়

## তৃণমূল পার্টি অফিসে ডেকে যুবতীকে 'ধর্ষণ'! এবার হাইকোর্টে দায়ের মামলা, চাপে শাসক শিবির

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসের এক নেতার বিরুদ্ধে উঠল গুরুতর অভিযোগ। বিবাদের মীমাংসা করার নাম করে তৃণমূলের পার্টি অফিসে ডেকে ধর্ষণের অভিযোগ উঠেছে পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড়ের এক তৃণমূল নেতার বিরুদ্ধে। এবার এই মামলা গড়াল কলকাতা হাইকোর্টে ।অভিযোগ, তৃণমূল কার্যালয়ে বিবাদের মীমাংসা করার নামে ডেকে ওই মহিলাকে নির্যাতন করে এক তৃণমূল নেতা। আরও এক জন নাকি তাঁকে সাহায্য করেছিল। জানা যাচ্ছে, এই ধর্ষণের অভিযোগ মানেনি পুলিশ। অন্যদিকে হাসপাতাল সূত্রে খবর, নির্যাতিতার মেডিক্যাল রিপোর্টে নাকি অত্যাচার, শারীরিক নির্যাতন এবং যৌন নির্যাতনের প্রমাণ মেলেনি। ধর্ষণের কথাও উল্লেখ নেই রিপোর্টে। নারায়ণগড়ের



এই ঘটনা প্রসঙ্গে স্থানীয় বিজেপির অভিযোগ, মূল ঘটনাকে ধামাচাপা দিতে চাইছে প্রশাসন। দাবি করা হচ্ছে অভিযুক্ত তৃণমূল নেতাকে আড়াল করা হচ্ছে।জানা যাচ্ছে, ধর্ষণের অভিযোগ জানিয়ে এদিন হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন নির্যাতিতার পরিবার। অভিযোগে নির্যাতিতার পরিবারের তরফে জানানো হয়েছে, তাঁদের মেয়েকে কার্যালয়ে ডেকে গণধর্ষণ করা হয়েছে। যদিও পুলিশ এখনও পর্যন্ত অভিযুক্তকে গ্রেফতার করেনি। এমনকি এফআইআর-এও ধর্ষণের কোনও ধারা যুক্ত করা হয়নি।

আইনজীবী তরুণজ্যোতি তিওয়ারি এই ঘটনার মামলা দায়ের করার আবেদন জানিয়েছেন। চলতি সপ্তাহে এই মামলার শুনানি হওয়ার সম্ভাবনা রয়েছে। ঘটনার সূত্রপাত হয় দিন সাতেক আগে। গত সপ্তাহের রবিবার বিকেলে এক মহিলাকে যৌন হেনস্থার অভিযোগকে কেন্দ্র রীতিমতো হৈচৈ পড়ে গিয়েছিল পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড়ে।

সূত্রের খবর ওই ঘটনার ৭ দিন পর, রবিবার নির্যাতিতার সাথে দেখা করতে তাঁর বাড়ি গিয়েছিলেন জাতীয় মহিলা কমিশনের সদস্যরা। এদিন প্রতিবেশী এবং স্থানীয়দের সঙ্গেও কথাবার্তা বলেছেন তাঁরা। জানা যাচ্ছে, পরে জাতীয় মহিলা কমিশনের সদস্যরা পশ্চিম মেদিনীপুরের জেলাশাসক খুরশিদ আলি কাদরি এবং পুলিশ সুপার ধৃতিমান সরকারের সঙ্গেও দেখা করেছেন।







(১ম পাতার পর)

# একদা সরকারকে হুঁশিয়ারি দেওয়া কাসেম মমতার ইফতার মঞ্চে, ছাব্বিশের ভোটের আগে দূরত্ব ঘুচছে?

পেলে বৃহত্তর আন্দোলনে নামার হুঁশিয়ারি দিয়েছিলেন তাঁরা। শুধু তাই নয়, মমতার উদ্দেশে তোপ দেগে বলেন, যাঁদের ভোটে তিনি সরকারে, তাঁদের অবহেলা করলে ফল ভাল হবে না। যদিও পরে লালবাড়িতে প্রবেশের অনুমতি পান তাঁরা।

তাৎপর্যপূর্ণ ব্যাপার হল, দু'বছর আগে যে পীরজাদারা মুখ্যমন্ত্রীর উদ্দেশে আক্রমণ শানিয়েছিলেন, আজ তাঁরাই মমতার সঙ্গে একই মঞ্চে ইফতার মজলিশে। যে পীরজাদারা 'অমুক' সময় 'তমুক' আক্রমণ করেছিলেন, তাঁদের অন্যতম ছিলেন আব্বাস সিদ্দিকির তুতোভাই কাসেম সিদ্দিকি। তাঁকেও দেখা গেল অনুষ্ঠানে।

রাজ্য সচিবালয়ে গিয়ে গত সোমবার মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক করেন ভাঙড়ের বিধায়ক নওসাদ সিদ্দিকি। ২২ মিনিট কথা বলেন ফুরফুরা শরিফের ছোট ভাইজান। তার এক সপ্তাহের মাথায় আজ ফুরফুরা সফরে গিয়েছেন মমতা। পর্যবেক্ষকদের মতে, ছাব্বিশের বিধানসভা নির্বাচনের আগে মুখ্যমন্ত্রীর এই সফর যথেষ্ট গুরুত্বপূর্ণ। সেই গুরুত্ব আরও বাড়িয়ে দিয়েছে মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে একই মঞ্চে তাঁরই একদা বিরোধী পীরজাদাদের উপস্থিতি।

(১ম পাতার পর)

# বিজেপি সভাপতি নির্বাচন নিয়ে চাপানউতোরের মাঝে দিল্লিতে শুভেন্দু

সভাপতি নিয়োগ কেন্দ্রীয় নেতৃত্বের সিদ্ধান্তের উপর নির্ভর করে। এখনও কেন্দ্রীয়ভাবে এ বিষয়ে কোনও নির্দেশ আসেনি। উপর থেকে নির্দেশ এলে রাজ্য সভাপতি নির্বাচন শুরু হবে।" সুকান্তর মন্তব্যের প্রেক্ষিতে রাজ্য বিজেপির একাংশের ব্যাখ্যা, রাজ্য সভাপতি কে হবেন, তা কেন্দ্রীয় নেতৃত্বই ঠিক করার কথা বলে সুকান্ত বুঝিয়ে দিয়েছেন যে সর্বোচ্চ নেতৃত্ব চাইলে 'এক ব্যক্তি এক পদ' সরিয়ে বর্তমান কমিটিকে বহাল রাখতেই পারে। আগামী বছর রাজ্য বিধানসভা নির্বাচন থাকায় সভাপতি পদে বসানোর ঝুঁকি না নেওয়াও স্বাভাবিক। যদিও অন্য একটি সূত্রের মতে রাজ্য সভাপতি পদে একজন সাংসদ ও এক প্রাক্তন রাজ্য সভাপতির নামও আলোচনায় রয়েছে।তা নিয়ে রাজনৈতিক মহলে চলছে জোর কাটাছেঁড়া।

শুভেন্দু অবশ্য নিজেই দাবি করেন, সোমবার সন্ধ্যায় সুকান্তর দিল্লির বাড়িতে একটি বৈঠক রয়েছে। তাতে বিজেপি সাংসদরা থাকার কথা। ওই বৈঠকে যোগ দিতে পারেন শুভেন্দু। তবে এবারের দিল্লি সফরে অমিত শাহের সঙ্গে তাঁর দেখা হবে কিনা, সে বিষয়টি খোলসা করেননি শুভেন্দু। এদিকে, সোমবার দিল্লি যাওয়ার আগে একাধিক ইস্যুতে রাজ্য সরকারকে তোপও দাগেন তিনি।

বলে রাখা ভালো, আগামী ২৯ মার্চ রাতে একদিনের সফরে কলকাতা আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। পরদিন একাধিক সাংগঠনিক বৈঠক সেরে রাতে ফিরে যাবেন দিল্লি। রবিবার একথা জানান রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার। আর এই ঘোষণার পরই রাজ্য বিজেপির সভাপতি বদল নিয়ে নতুন করে চর্চা জোরালো হয়েছে। কারণ, আগামী বছরের বিধানসভা ভোটের দিকে তাকিয়েই যে অমিত শাহর সাংগঠনিক বৈঠক করবেন, তা বুঝতে রাজনৈতিক পাণ্ডিত্য লাগে না। সাধারণ হিসাব বলে, যে রাজ্য সভাপতির নেতৃত্বে বিজেপি বিধানসভা ভোট লড়বে, তাঁকে পাশে বসিয়ে সাংগঠনিক বিষয়গুলি চূড়ান্ত করবেন শাহ। এ বিষয়ে সুকান্ত জানান, "কেন্দ্রীয় নেতৃত্বকে জানানো হয়েছে ২৫টি জেলার সভাপতি নির্বাচন করা হয়ে গিয়েছে। যার অর্থ এখন রাজ্য সভাপতি নির্বাচন করা যেতে পারে। তবে এখনও পর্যন্ত কোনও নির্দেশিকা আসেনি। নির্দেশ এলেই মনোনয়ন পর্ব শুরু হবে।"

# ফের রক্তাক্ত ভূস্বর্গ, কুপওয়ারায় চলছে সেনা-জঙ্গি সংঘর্ষ

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ফের রক্তাক্ত ভূস্বর্গ। সোমবার সকাল থেকেই জম্মু ও কাশ্মীরের কুপওয়ারায় নিরাপত্তাবাহিনী ও জঙ্গিদের সংঘর্ষ শুরু হয়েছে। এলাকায় যৌথ অভিযানে তল্লাশি চলাকালীন গুলির লড়াইয়ে এখনও পর্যন্ত মৃত্যু হয়েছে এক জঙ্গির।গোপন সূত্রে এই খবর ছিল সেনার কাছে। সেই মতো কাশ্মীর পুলিশ ও ভারতীয় সেনা যৌথ অভিযানের পরিকল্পনা করে। সোমবার ভোরে যৌথ বাহিনী এলাকা ঘিরে ফেলে তল্লাশি শুরু করতেই গুলি চালায় জঙ্গিরা। পালটা গুলি চালায় নিরাপত্তাবাহিনী। এই সংঘর্ষে এক জঙ্গির মৃত্যু হয়েছে। এখনও অভিযান চলছে বলেই খবর। জম্মু ও কাশ্মীরের উত্তরাঞ্চলের সীমান্তবর্তী জেলা কুপওয়ারার হান্দওয়ারার ক্রুমহুরা গ্রামে লুকিয়ে রয়েছেন দুই জঙ্গি।

# শুধু হুগলিতেই এক বছরে নিখোঁজ ৮০০-র বেশি নাবালিকা! কারণ খুঁজল মহিলা কমিশন



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

হুগলি জেলায় নাবালিকা নিখোঁজ ও বাল্যবিবাহের বাড়বাড়ন্তে উদ্বিগ্ন জাতীয় মহিলা কমিশন । হিসেব বলছে, গত এক বছরে শুধুমাত্র হুগলি জেলায় নাবালিকা নিখোঁজের সংখ্যা ৮০০! এর কারণ হিসেবে অতিরিক্ত মোবাইল ব্যবহারকেই দায়ী করছে মহিলা কমিশন। নিখোঁজের ইস্যুর পাশাপাশি বাল্যবিবাহের প্রবণতা বাড়ার বিষয়টি নিয়েও কপালে ভাঁজ মহিলা কমিশনের। তাঁরা বলছে, বাল্যবিবাহের ক্ষেত্রে নাবালিকা যেমন হোমে থাকে, অভিভাবকদেরও আইনের আওতায় আনতে হবে। পুলিশকে আরও কঠোর ভাবে আইন প্রয়োগ করতে হবে। কোনও কোনও ক্ষেত্রে অভিভাবকদের জেলও হতে পারে।

মূলত আরামবাগ মহকুমায় স্কুলপড়ুয়া মেয়েদের বাল্যবিবাহের প্রবণতা বেড়েছে। এই সমস্যা রোধে জেলা প্রশাসনের তরফ থেকে সচেতনতা মূলক শিবির আয়োজন এবং স্কুলে বিশেষ পাঠ্যক্রম চালু করার বিষয়ে নজর দিতে হবে বলে পরামর্শ দিয়েছে মহিলা কমিশন। সোমবার চুঁচুড়ায় সার্কিট হাউজে হুগলি জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের বৈঠক হয়। সেই বৈঠকে উপস্থিত ছিলেন জাতীয় মহিলা কমিশনের সদস্যা অর্চনা মজুমদার, হুগলির অতিরিক্ত জেলা শাসক (ডেভেলপমেন্ট), হুগলি গ্রামীণ পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার কল্যাণ সরকার

এরপর ৬ পাতায়

## সম্পাদকীয়

### প্রশাসনিক সংস্কার ও অভিযোগ নিষ্পত্তি দপ্তর ২০২৫ সালের ফেব্রুয়ারির কাজকর্মের খতিয়ান পেশ করল

প্রশাসনিক সংস্কার ও অভিযোগ নিষ্পত্তি দপ্তর ২০২৫ সালের ফেব্রুয়ারির কাজকর্মের খতিয়ান পেশ করল। এই সময় কেন্দ্রীয় ও প্রাদেশিক স্তরে মোট ৫০ হাজার ৮৮টি অভিযোগের নিষ্পত্তি সম্ভব হয়েছে। এই সংক্রান্ত পোর্টাল (সিপিজিআরএএমএস) – এ ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত জমা থাকা অভিযোগের সংখ্যা ১ লক্ষ ৯০ হাজার ৯৯৪।

সিপিজিআরএএমএস পোর্টালে নতুন নিবন্ধনকারী সংখ্যা ৪৭ হাজার ৫৯৯। সবচেয়ে বেশি নিবন্ধন হয়েছে উত্তর প্রদেশ থেকে ৭ হাজার ৩১২।

সাধারণ পরিষেবা কেন্দ্র মারফৎ এই পোর্টালে নিবন্ধনের ক্ষেত্রে রাজ্য-ভিত্তিক হিসেবও তুলে ধরা হয়েছে এই প্রতিবেদনে। এই পোর্টাল সংযুক্ত রয়েছে ৫ লক্ষ সাধারণ পরিষেবা কেন্দ্রের সঙ্গে। ফেব্রুয়ারিতে সাধারণ পরিষেবা কেন্দ্র মারফৎ ৫ হাজার ৫৮০টি অভিযোগ দায়ের হয়েছে। এক্ষেত্রেও প্রথমে রয়েছে উত্তর প্রদেশ, সেখান থেকে ১ হাজার ৬৯৭টি অভিযোগ জমা পড়েছে। পাঞ্জাব থেকে জমা পড়েছে ৮ হাজার ৩৩৮টি অভিযোগ।

২০২৫ – এর ফেব্রুয়ারিতে উত্তর প্রদেশ থেকেই সর্বাধিক ২১ হাজার ৭৬৩টি অভিযোগ জমা পড়েছে। ১২টি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল থেকে জমা পড়া অভিযোগের সংখ্যা ১ হাজারেরও বেশি। উত্তর প্রদেশ থেকে জমা পড়া ২১ হাজার ৫১১ এবং গুজরাট থেকে জমা পড়া ২ হাজার ৯১৬টি অভিযোগের নিষ্পত্তি হয়েছে।

সিপিজিআরএএমএস – এ ২০২৫ সালের ফেব্রুয়ারিতে সারা দেশ থেকে ৫২ হাজার ৪৬৪টি অভিযোগ জমা পড়েছে। নিষ্পত্তি হয়েছে ৫০ হাজার ৮৮টির। এই সংখ্যা জানুয়ারির ৫৮ হাজার ৫৮৬-র তুলনায় সামান্য কম।

# মায়ের আশীর্বাদ অসীম



মৃত্যুঞ্জয় সরদার
(চব্বিশতম পর্ব)



দাঁড়ালেন। তাঁর কালো রূপে যেন আলো ছিটকে পড়ছে। রাত্তির আকাশজুড়ে অপূর্ব এক জ্যোতি। অপূর্ব সুন্দরী সেই মেয়েটি জয়দত্তকে জিজ্ঞাসা করলেন,'ও বাছা, এত নৌকা ভরে কী নিয়ে চলেছো গো?' পুত্রশোকে জয়দত্তের মন ভারাক্রান্ত ছিল। তাই তিনি রাগত স্বরে মেয়েটিকে বললেন, 'ছাই আছে'। সে কথা শুনে মেয়েটি 'আচ্ছা' বলে চলে গেলেন। কিছুক্ষণ পরে জয়দত্ত দেখলেন তাঁর নৌকার সব বাণিজ্যসামগ্রী, অর্থ ছাইতে পরিণত হয়েছে। পরদিন সকালে মাঝিরা রান্নায় বসল। খেয়েদেয়ে নৌকা নিয়ে যাত্রা করতে হবে। কাটা শোল মাছ

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

## 'এই সমস্যা কখনই বাংলায় ছিল না, বলতে বাধ্য হচ্ছি..,' চটে লাল বিচারপতি,

বলে তাদের মন্দিরে ঢুকতে দিচ্ছে না কিছু লোকজন। এই পরিস্থিতিতে আসন্ন গাজনের মেলায় শিব মন্দিরে ঢোকার অনুমতি ও সন্ন্যাসী হতে চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন ওই তফশিলি জাতির বাসিন্দারা। এদিন মামলা উঠেছিল বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে।

অভিযোগ শুনে বিরক্তি প্রকাশ করেন বিচারপতি ঘোষ। বিচারপতির প্রশ্ন, "এটা কী করে হয়? পুলিসের ভূমিকা কী? একটা মানুষ তার অধিকার পাবে না!" উদ্বেগের সাথে বিচারপতি বলেন, "এটা তো আগে বাংলায় ছিল না। এমন সমস্যা এখনও বাংলায় নেই বলেই আমি বিশ্বাস করি। তবে কেন ওই মানুষগুলো উৎসবে যোগ দিতে পারবে না! কিসের ইগো?"

গোটা ঘটনায় পুলিশের ভূমিকায় প্রশ্ন তোলেন বিচারপতি। বলেন, "আমি আবার বলছি, এই সমস্যা কখনই বাংলায় ছিল না। তাহলে বলতে বাধ্য হচ্ছি, এটা পুলিসের অক্ষমতা।" বিচারপতির নির্দেশ, এই নিয়ে বিস্তারিত রিপোর্ট দিতে হবে।

মূল ঘটনা: নদিয়ার বৈরামপুরে কালীগঞ্জ থানা এলাকার প্রাচীন শিব মন্দিরে সাধারণ মানুষের অবাধ প্রবেশ। সাধারণ মানুষের ব্যবহারের মন্দির বলে নথিতে লেখা রয়েছে। অভিযোগ, এলাকার ধোপা সম্প্রদায়ের লোকজনকে মন্দিরের ভিতর ঢুকতে দেওয়া হচ্ছে না। জাত-পাতের দোহাই দিয়ে তাদের গাজনে অংশ নিতে দেওয়া হচ্ছে না। এই নিয়েই মামলা হয়েছিল হাইকোর্টে।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

আসলে শনি গ্রহদেবতা হিসেবে সবিশেষ পরিচিত। জ্যোতিষশাস্ত্রে জন্মছকে এর অবস্থান বিশেষভাবে বিবেচনা করা হয়। শনি দ্বাদশে, জন্মরাশিতে ও দ্বিতীয়ে অবস্থানকালে সাড়ে সাত বছর মানুষকে প্রচণ্ড কষ্ট দেয়।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী শ্রীমতী অনুপ্রিয়া প্যাটেল ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য অতিমারির প্রস্তুতি নিয়ে কোয়াড কর্মশালার উদ্বোধন করেছেন

নতুন দিল্লি ১৭ মার্চ ২০২৫

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী শ্রীমতী অনুপ্রিয়া সিং প্যাটেল আজ এখানে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে অতিমারির প্রস্তুতি নিয়ে কোয়াড কর্মশালার উদ্বোধন করেছেন।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক এবং বিদেশ মন্ত্রকের যৌথ উদ্যোগে আয়োজিত ৩ দিনের এই কর্মশালার উদ্দেশ্য, বিশ্বে স্বাস্থ্য পরিষেবায় জরুরি পরিকাঠামো শক্তিশালী করা, স্বাস্থ্যের পক্ষে আশঙ্কাজনক যা, তার মোকাবিলায় প্রস্তুতি এবং সহনশীলতা বৃদ্ধি করা এবং অতিমারির মোকাবিলায় সমন্বিত প্রয়াস নিশ্চিত করা। এর পাশাপাশি বহু ক্ষেত্রীয় মাধ্যমে মানুষ, প্রাণী এবং পরিবেশের স্বাস্থ্য রক্ষাও এর উদ্দেশ্য।

সমাবেশে ভাষণে শ্রীমতী প্যাটেল বলেন, "সাম্প্রতিককালে নতুন নতুন ব্যাধির উদ্ভব এবং অনেক ব্যাধির পুনঃসংক্রমণে প্রস্তুতি জোরদার করা, নজরদারি বৃদ্ধি করা এবং আন্তর্জাতিক সমন্বিত প্রয়াস জরুরি হয়ে পড়েছে বিশ্ব স্বাস্থ্য নিরাপত্তার ক্ষেত্রে।"

অতিমারির বিরুদ্ধে প্রস্তুতিতে এবং মোকাবিলায় ভারতের দায়বদ্ধতা তুলে ধরে শ্রীমতী প্যাটেল জানান, "অতিমারি তহবিল গঠনে ভারত ১০ মিলিয়ন মার্কিন ডলার দিয়েছে। এছাড়াও দীর্ঘমেয়াদে কাজ চালানোর জন্য অতিরিক্ত ১২ মিলিয়ন মার্কিন ডলার দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে।"

শ্রীমতী প্যাটেল জানান, ভারত ডিজিটাল হেল্থ উদ্যোগ নিয়ে এগোচ্ছে। স্বাস্থ্য পরিষেবায় প্রযুক্তির ব্যবহার করছে। সুস্থায়ী তথ্য সমৃদ্ধ ব্যবস্থা গঠন করেছে। বর্তমান এবং ভবিষ্যতের স্বাস্থ্য সংকট এবং জলবায়ু সমস্যা এই দুটিরই মোকাবিলায় এই প্রয়াস গুরুত্বপূর্ণ।

তিনি আরও বলেন, দৃঢ় এবং অতিমারির মোকাবিলায় প্রস্তুত স্বাস্থ্য ব্যবস্থা গড়ার লক্ষ্যে ভারত একটি সার্বিক জরুরি স্বাস্থ্য সমন্বয় কাঠামো গঠন করেছে, যার লক্ষ্য ইন্টিগ্রেটেড ডিজিজ সার্ভেইল্যান্স পোগ্রাম (আইডিএসপি), ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (এনভিবিডিসিবি)-র মতো স্বাস্থ্য ব্যবস্থার বিভিন্ন উদ্যোগ নেওয়ার মাধ্যমে প্রস্তুতি মোকাবিলা এবং সহনশীলতা বৃদ্ধি।

কেন্দ্রীয় মন্ত্রী বলেন, ভারত আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশন (এবিডিএম)-এর মতো উদ্যোগের মাধ্যমে স্বাস্থ্য পরিষেবায় ডিজিটাল প্রযুক্তির ব্যবহার করছে এবং তত্ত্বাবধান ও ব্যবস্থাপণার জন্য কো-উইন প্ল্যাটফর্ম, ই-সঞ্জীবনী, ন্যাশনাল টেলি মেডিসিন সার্ভিস ইত্যাদি ব্যবহার করছে। তিনি বলেন, "আমাদের শক্তিশালী ডিজিটাল ব্যাধি পর্যবেক্ষণ ব্যবস্থা অন্য দেশের কাছেও মূল্যবান মডেল হতে পারে জনস্বাস্থ্য পরিকাঠামো শক্তিশালী করতে।"

শ্রীমতী প্যাটেল বলেন, ডিজিটাল স্বাস্থ্য প্রযুক্তি ক্ষেত্রে ভারত আলোকবর্তিকা হিসেবে একাধিক আন্তর্জাতিক মঞ্চে এই বিষয়ে আলোচনায় সামনে থেকেছে। ভারত ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার (ডিপিআই) অন্য দেশের সঙ্গে বিশেষ করে গ্লোবাল সাউথের বন্ধু দেশগুলির সঙ্গে ভাগ করে নিতে ইচ্ছুক। স্বাস্থ্য ক্ষেত্রে নির্দিষ্ট বিষয়ে বিদেশ মন্ত্রকের সহযোগিতায় ভারত পাঠ্যক্রম এবং ক্ষমতা বর্ধনের প্রশিক্ষণ দিতে আগ্রহী বলেও তিনি জানান।

ভাষণের শেষে তিনি জোর দেন স্বাস্থ্য বিষয়ে উদ্যোগে একতা এবং সমন্বয়ের গুরুত্বের ওপর, যাতে সকলের জন্য সুরক্ষিত, সুস্থ ভবিষ্যৎ গড়া যায়।



## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফামেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফামেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফামেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফামেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফামেসী | 17 ইউনিক ফামেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফামেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফামেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফামেসী | 28 সৌভিক ফামেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফামেসী |




## মুদি দোকানে বিদেশি মদ বিক্রির অভিযোগে জামিরাপাল থেকে গ্রেফতার ১, উদ্ধার বিপুল পরিমাণ বিদেশী মদ

অরূপ ঘোষ,ঝাড়গ্রাম

অবৈধ ভাবে বিদেশি মদ বিক্রির অভিযোগে রবিবার রাত্রে ঝাড়গ্রাম জেলার নয়াগ্রাম থানা এলাকার জামিরাপালে একটি মুদির দোকানে অভিযান চালিয়ে কয়েক হাজার টাকার বিদেশি মদ উদ্ধার করল নয়াগ্রাম থানার পুলিশ। এদিন নয়াগ্রাম থানার আই.সি সুদীপ ঘোষালের নেতৃত্বে নয়াগ্রাম থানার পুলিশ অতর্কিতে অবৈধভাবে বিদেশি মদ বিক্রির দোকানে অভিযান চালায়। নয়াগ্রাম থানার জামিরাপালে একটি মুদির দোকান থেকে ১৪৯ বোতল বিদেশি মদ উদ্ধার করে পুলিশ। পুলিশ সূত্রে আরোও জানা গেছে, বিদেশী মদ বিক্রির অভিযোগে রবিবার রাত্রে এক ব্যাক্তিকে গ্রেফতার করে নয়াগ্রাম থানার পুলিশ। সোমবার অভিযুক্তকে পেশ করা হয় ঝাড়গ্রাম জেলা আদালতে। অভিযুক্ত ব্যক্তির নাম উত্তম মহাপাত্র। বাড়ি জামিরাপাল গ্রামে। ইতিমধ্যে পুরো ঘটনার তদন্তে নেমেছে নয়াগ্রাম থানার পুলিশ। বেআইনিভাবে কোনো অনুমতি ছাড়া অবৈধভাবে গোপনে বিদেশি মদ এনে বিক্রি করতেন ওই দোকানদার । গোপন সূত্রে খবর পাওয়ার পর পুলিশের পক্ষ থেকে কয়েকদিন ধরে নজরদারী শুরু করা হয়েছিল। অভিযোগ সত্য বলে অনুমান করে রবিবার রাত-ভোর তল্লাশি চালায় নয়াগ্রাম থানার পুলিশ। পুলিশ তল্লাশি চালিয়ে কয়েক হাজার টাকার বিদেশী মদ উদ্ধার করে । ওই ঘটনায় পুলিশ গ্রেফতার করে ওই দোকানদার কে। তবে ওই ঘটনাকে কেন্দ্র করে নয়াগ্রাম থানা এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। পুলিশের পক্ষ থেকে চোলাই মদের বিরুদ্ধে যখন অভিযান চলছে সেই সময় বেআইনিভাবে কিছু মানুষ বিদেশী মদ গোপনে বিক্রি করছে বলে পুলিশ সূত্রে জানা যায়। তাই পুলিশের পক্ষ থেকে অভিযান চালিয়ে বিদেশি মদ উদ্ধার করা হয় বলে জানা গেছে।এই প্রসঙ্গে নয়াগ্রাম থানার আই.সি সুদীপ ঘোষাল বলেন, অবৈধ ভাবে বিদেশি মদ বিক্রির বিরুদ্ধে পুলিশের লাগাতার অভিযান চলবে। আগামী দিনে অবৈধ বিদেশী মদের সাথে যুক্ত যারা পুলিশ প্রশাসনের পক্ষ থেকে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

# ভোট না দেওয়ায় জলের লাইন কেটে দেওয়া হল কাউন্সিলর এর বিরুদ্ধে অভিযোগ স্থানীয় বাসিন্দাদের

বেবি চক্রবর্ত্তী :কলকাতা

ভোট নেই, জল নেই। খাস কলকাতায় এমনই নিদান তৃণমূল কাউন্সিলরের। কসবায় ভোট না দেওয়ায় জলের কল তুলে দেওয়ার অভিযোগ উঠছে। এলাকাবাসীদের একাংশের অভিযোগ, ভোট না দিলে জল পাওয়া যাবে না বলে বলেছেন ১০৭ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর লিপিকা মান্না। বরো চেয়ারম্যান সুশান্ত ঘোষের কাছে নালিশ জানিয়েছে ৪০ টি পরিবার।স্থানীয় এক বাসিন্দা বলেন,উনি বলেছেন, এখানে আর কল দেওয়া যাবে না। কারণ এখানে স্কুল রয়েছে। তারা নাকি আপত্তি জানাচ্ছে। আমাদের ওপার থেকে জল আনতে খুব কষ্ট হচ্ছে। আমাদের মিটিং



মিছিলে ডাকা হয়। আমাদের খুব বেশি যাওয়া হয় না। কাউন্সিলর বলছে, রোজ পার্টি অফিসে আসতে হবে। আমরা কোনও পার্টির মধ্যে নেই। জল কেন বন্ধ করলেন, সেটা লিপিকা মান্নাই বললেন। আমার আত্মীয়রা কাউন্সিলরের কাছে গিয়েছিলেন। খুব খারাপ ব্যবহার করেছেন। কুকুরের মতো ব্যবহার করেছেন।এলাকারই এক বয়স্ক মহিলা, যিনি কাউন্সিলরের কাছে আবেদন নিয়ে গিয়েছিলেন তাঁর বক্তব্য,আমাকে বলছে, তোমরা মিছিলে যাও না... আমার বয়স হয়েছে, আমি কি মিছিলে যেতে পারি? লিপিকা মান্না বলেছে।ওই এলাকায় চারটে কল ছিল। অভিযোগ, সেই চারটে কল সরিয়ে খালের ধারে বসানো হয়েছে। বরো চেয়ারম্যান সুশান্ত ঘোষ বলেন,আমার কাছে একটা মাস পিটিশন এসেছিল। দীর্ঘ ১২-১৩ বছর ধরে ওখানকার বাসিন্দাদের জলের সমস্যা ছিল। নারকেলবাগানের ওখানে তাঁদের নাকি জলের চারটে লাইন কেটে দিয়েছে। আমি সঙ্গে ,সঙ্গে বরো এক্সিকিউটিভকে ডেকেছিলাম। জিজ্ঞাসা করি কারণ। তারা বলেছিল, কাটা হয়নি, সাময়িকভাবে একটা সমস্যা হচ্ছিল, কোথায় জল কম যাচ্ছে, সেটা দেখার জন্য লাইন কাটা হয়েছে। তাও আমি বলেছিলাম, একটা লাইন করে দেওয়ার জন্য।তাঁর আরও বক্তব্য, "ভোট না দেওয়াটা সার্ভিস না দেওয়ার কোনও কারণ হতে পারে না।

## নতুন দিল্লিতে মার্কিন যুক্তরাষ্ট্রের ডিরেক্টর অফ ন্যাশনাল ইন্টেলিজেন্স-এর সঙ্গে প্রতিরক্ষা মন্ত্রীর বৈঠক

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

নতুন দিল্লিতে আজ মার্কিন যুক্তরাষ্ট্রের ডিরেক্টর অফ ন্যাশনাল ইন্টেলিজেন্স তুলসী গাবার্ডের সঙ্গে বৈঠক করলেন প্রতিরক্ষা মন্ত্রী শ্রী রাজনাথ সিং। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সাম্প্রতিক বৈঠকের পর জারি হওয়া যৌথ বিবৃতির উপর ভিত্তি করে এই বৈঠকে দ্বিপাক্ষিক প্রতিরক্ষা অংশীদারিত্ব আরও প্রসারিত করার কথা বলা হয়েছে।

যৌথ সামরিক মহড়া প্রতিরক্ষা সরঞ্জামের সরবরাহ-শৃঙ্খল মজবুত করা এবং সমুদ্রপথ সহ বিভিন্ন পরিসর সংক্রান্ত তথ্যের পারস্পরিক আদান-প্রদানের উপর আজকের বৈঠকে বিশেষ জোর দেওয়া হয়। প্রতিরক্ষা ক্ষেত্রে উদ্ভাবনমূলক উদ্যোগকে জোরদার করার কথাও বলা হয়।

ভারতীয় সংস্কৃতি ও ঐতিহ্যের প্রতি অনুরাগের জন্য তুলসী গাবার্ড'কে ধন্যবাদ জানান প্রতিরক্ষা মন্ত্রী।

## মঙ্গলবার বিধানসভায় শুভেন্দু অধিকারী-দিলীপ ঘোষ সাক্ষাৎ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**কলকাতা** :- মঙ্গলবার বিধানসভায় শুভেন্দু অধিকারী-দিলীপ ঘোষ সাক্ষাৎ! মঙ্গলবার দুপুরে দুটো নাগাদ বিধানসভায় আসবেন বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। বিজেপি বিধায়কদের সঙ্গে দেখা করবেন তিনি।বিজেপির রাজ্য সভাপতি ঘোষণার প্রাক পর্বে দিলীপ ঘোষের বিধানসভায় আসা নিয়ে জোর জল্পনা। তাহলে কি শেষ ল্যাপে সভাপতি পদে এগিয়ে দিলীপ ঘোষই?এদিকে সোমবার রাতে অমিত শাহের সঙ্গে বৈঠকে বসছেন সুকান্ত মজুমদার ও শুভেন্দু অধিকারী। সেখানেও বিষয়টি নিয়ে আলোচনা হওয়ার সম্ভাবনা।আগামী ২৯ মার্চ একদিনের সফরে কলকাতা আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। পরদিন একাধিক সাংগঠনিক বৈঠক সেরে রাতে ফিরে যাবেন দিল্লি। রবিবার একথা জানান রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার। আর এই ঘোষণার পরই রাজ্য বিজেপির সভাপতি বদল নিয়ে নতুন করে চর্চা জোরালো হয়েছে।আগামী বছরের বিধানসভা ভোটের দিকে তাকিয়েই যে অমিত শাহর সাংগঠনিক বৈঠক করবেন, তা স্পষ্ট। তার আগেই বিজেপির রাজ্য সভাপতি ঘোষণা হওয়ার সম্ভাবনা জোরালো হচ্ছে। সুকান্ত মজুমদার বলেন,কেন্দ্রীয় নেতৃত্বকে জানানো হয়েছে ২৫টি জেলার সভাপতি নির্বাচন করা হয়ে গিয়েছে। যার অর্থ এখন রাজ্য সভাপতি নির্বাচন করা যেতে পারে। তবে এখনও পর্যন্ত কোনও নির্দেশিকা আসেনি। নির্দেশ এলেই মনোনয়ন পর্ব শুরু হবে।তার আগেই দিলীপ ঘোষ যেভাবে বিধায়কদের সঙ্গে দেখা করতে শুরু করলেন, তা জল্পনা ক্রমেই বাড়ছে।

(৩ পাতার পর)

## শুধু হুগলিতেই এক বছরে নিখোঁজ ৮০০-র বেশি নাবালিকা! কারণ খুঁজল মহিলা কমিশন

সহ অন্যান্য প্রশাসনিক আধিকারিকরা।

বৈঠকের পর সাংবাদিক সম্মেলনে মহিলা কমিশনের তরফে জানানো হয়, গোটা হুগলি জেলা তো বটেই, বিশেষ করে গ্রামীণ অঞ্চলে নাবালিকাদের নিখোঁজ হওয়ার সংখ্যা ক্রমশ বাড়ছে। মূলত দেখা যাচ্ছে মোবাইল ফোনের অতিরিক্ত ব্যবহারের কারণে নাবালিকা নিখোঁজ হওয়ার প্রবণতা বাড়ছে। যা অত্যন্ত উদ্বেগজনক বিষয়।

এই অবস্থায় অভিভাবকদের আরও কঠোর হওয়ার প্রয়োজন রয়েছে বলে মনে করছে জাতীয় মহিলা কমিশন। বাচ্চারা কী কারণে ফোন ব্যবহার করছে, কী দেখছে, সেই দিকে নজর রাখা দরকার, এমনই মত তাঁদের।

# সিনেমার খবর

cinema TV

## পান মশলার বিজ্ঞাপনের জন্য শাহরুখ-অজয়-টাইগারকে আইনি নোটিশ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

বিমল পানমশলার বিজ্ঞাপনে অংশ নিয়ে বিপাকে পড়েছেন বলিউড অভিনেতা শাহরুখ খান, অজয় দেবগন ও টাইগার শ্রফ। পানমশলার বিজ্ঞাপনে ভ্রান্তিমূলক প্রচার করে তরুণ প্রজন্মকে ভুল পথে চালিত করা হচ্ছে এমন অভিযোগে একটি মামলা দায়ের হয়েছে।

তারই ভিত্তিতে আগামী ১৯ মার্চ তিন অভিনেতাকেই তলব করেছে জয়পুরের ডিস্ট্রিক্ট কনজিউমার ডিসপিউট রিড্রেসাল কমিশন।

অভিনেতাদের পাঠানো নোটিশে স্বাক্ষর করেছেন জয়পুরের ডিস্ট্রিক্ট কনজিউমার ডিসপিউট রিড্রেসাল কমিশনের চেয়ারম্যান গিয়ালসিলাল মীনা ও কমিশনের সদস্য হেমলতা আগরওয়াল।

তিন অভিনেতার পাশাপাশি ওই পান মশলার প্রস্তুতকারী সংস্থা জেবি ইন্ডাস্ট্রিজের কর্ণধার বিমল আগরওয়ালকেও হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে। ব্যক্তিগত ভাবে হাজিরা দিতে না পারলে শুনানিতে তাদের কোনও প্রতিনিধি বা আইনজীবী যাতে হাজির থাকেন, তাও নিশ্চিত করতে বলা হয়েছে।

ওই পান মশলার বিজ্ঞাপনে অভিনেতাদের মুখে একটি স্লোগান ছিল 'প্রতিটা দানায় রয়েছে কেশরের মতো শক্তি'।

মামলার আবেদনকারী যোগেন্দ্র সিং বাদিয়ালের বক্তব্য, '১ কেজি কেশরের দাম প্রায় ৪ লাখ রুপি অথচ একটি পানমশলা প্যাকেটের দাম মাত্র ৫ রুপি। কেশরের কথা ভুলে যান, কেশরের যে সুগন্ধ সেটাও এই পান মশলায় ব্যবহার করা হয়নি। সেখানে দাঁড়িয়ে এই ধরনের বিভ্রান্তিমূলক প্রচারণা করা হচ্ছে। যাতে একদিকে ওই সংস্থার নিজেদের পণ্যের বিক্রি বাড়ে, তারা অতিরিক্ত মুনাফা লাভ করতে পারে। অন্যদিকে সাধারণ মানুষ এই পান মশলা ব্যবহার করে ক্যান্সারের মতো রোগকে ডেকে আনছে।

মাদকমুক্ত সমাজ গড়ার জন্য যেখানে চেষ্টা চলছে, সেখানে তরুণ প্রজন্মের কাছে 'আদর্শ' হয়ে ওঠা বলিউড তারকাদের পানমশলা বা গুটখার বিজ্ঞাপনে অংশ নেওয়া নিয়ে গত কয়েক বছর ধরেই সমালোচনা ও নিন্দার ঝড় বইছে। তীব্র সমালোচনার মুখে 'বিমল' নামে ওই পানমশলার বিজ্ঞাপন থেকে সরে দাঁড়িয়েছেন অক্ষয়কুমার। তবে সমালোচনার মুখে পড়েও ওই পানমশলার বিজ্ঞাপনে মুখ দেখিয়ে চলেছেন শাহরুখ খান-অজয় দেবগন-টাইগার শ্রফ।

## সবার সামনেই 'প্রাক্তন' শাহিদ কাপুরকে জড়িয়ে ধরলেন কারিনা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

কারিনা কাপুর ও শাহিদ কাপুর। একসময় তাদের প্রেম ছিল বলিউডের অন্যতম চর্চিত বিষয়। কাপুর পরিবারের মেয়ে কারিনা আর শাহিদ কাপুরের সম্পর্ক নিয়ে তখন ভক্তদের আগ্রহ তুঙ্গে।

এমনকি রণধীর কাপুরও শাহিদকে প্রায় জামাই হিসেবেই মেনে নিয়েছিলেন। কিন্তু হঠাৎ সেই সম্পর্কে ফাটল ধরে। বিচ্ছেদের পর দু'জনেই আলাদা পথে হাঁটেন। আজ দু'জনেই সুখী দাম্পত্য জীবনে।

তবে প্রেম ভাঙার পর দুজনকে খুব একটা সঙ্গে দেখা যায়নি। 'উড়তা পাঞ্জাব'-এ একসঙ্গে কাজ করলেও তাদের কোনও দৃশ্য ছিল না একে অপরের সঙ্গে। এমনকি ছবির প্রচারেও তারা দূরত্ব বজায় রেখেছিলেন।

তবে সেই অতীত পেছনে ফেলে, শনিবার জয়পুরে আয়োজিত আইফা ২০২৫-এর সাংবাদিক সম্মেলনে ঘটল চমকপ্রদ ঘটনা।

বহু বছর পর একে অপরের মুখোমুখি হয়ে জড়িয়ে ধরলেন শাহিদ কাপুর ও কারিনা কাপুর খান। শুধু আলিঙ্গনই নয়, পাশাপাশি দাঁড়িয়েও ক্যামেরার সামনে পোজ দিলেন তারা।

এই মুহূর্তের ভিডিও প্রকাশ্যে আসতেই নেটপাড়ায় শুরু হয় চরম উত্তেজনা। এক ভক্ত লিখেছেন, "নিজের চোখকে বিশ্বাস করতে পারছি না!" আরেকজনের মন্তব্য, "অলৌকিক ব্যাপার!"

কেউ আবার লিখলেন, "যাব উই মেট পার্ট ২ চাই!" তবে অনেকেই লক্ষ্য করেছেন, আলিঙ্গনের পরও শাহিদের মধ্যে খানিকটা অস্বস্তি ছিল।

এর আগে ২০২৪ সালের ফেব্রুয়ারিতে দাদাসাহেব ফালকে অ্যাওয়ার্ড অনুষ্ঠানে কারিনাকে শাহিদকে এড়িয়ে যেতে দেখা গিয়েছিল। শাহিদ হাসার চেষ্টা করলেও কারিনা পাশ কাটিয়ে চলে যান। কিন্তু এবার তাদের একসঙ্গে দেখে সত্যিই অবাক নেটিজেনরা। হয়তো বহু বছরের দূরত্ব এবার শেষ হওয়ার ইঙ্গিত!

## দুই হাতে ঘড়ি পরার কারণ জানালেন অভিষেক

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

বলিউড অভিনেতা অভিষেক বচ্চনকে সম্প্রতি একটি ভিডিওতে তার দুই হাতে ঘড়ি পরে থাকতে দেখা গেছে। যা নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে বেশ আলোচনা-সমালোচনা হয়েছে। কারও ভাষ্যে, সময়টা হয়ত খারাপ যাচ্ছে। কেউ আবার এমনও বলেন, স্ত্রী আর মা জোর করে দুই হাতে ঘড়ি পরিয়ে দিয়েছেন।

কিন্তু অনেকেরই অজানা, বচ্চন পরিবারে তিনিই একমাত্র ব্যক্তি নন, যিনি দুই হাতে ঘড়ি পরেন। আরও কিছু সদস্য আছেন, যাদের এই অভ্যাস রয়েছে। তবে এর পিছনে একটি বিশেষ কারণও রয়েছে।

বচ্চন পরিবারে এই ট্রেন্ড যিনি শুরু



করেছিলেন, তিনি আর কেউ নন অভিষেকের মা জয়া বচ্চন। ইন্ডিয়া টিভি নিউজের ২০১১ সালের এক প্রতিবেদন অনুসারে, জয়া বচ্চনের মাধ্যমে বচ্চন পরিবারে এই অভ্যাস শুরু হয়।

একটি পুরোনো সাক্ষাৎকারে অভিষেক দুটি ঘড়ি পরার কারণ জানিয়েছিলেন। তার কথায়, 'হাতে দুটি ঘড়ি পরার এই অভ্যাস আমার মায়ের কাছ থেকে এসেছে। আমি যখন ইউরোপে বোর্ডিং স্কুলে পড়তাম, তখন মা দুই হাতে ঘড়ি পরতেন।'

অভিষেক জানান, তার মা দুই হাতে দুটি ঘড়ি পরতেন যাতে তিনি দুই জায়গার সময় মাথায় রাখতে পারেন। কিছুদিন পর বাবা অমিতাভও দুই হাতে ঘড়ি পরতে শুরু করেছিলেন। যাতে তার মায়ের মতো তিনিও দুই জায়গার সময় দেখতে পান।

তার ভাষ্য, 'এরপর থেকে বাবা আমার সঙ্গে ইউরোপের সময় অনুসারে কথা বলতেন।' এটি এমন একটি কারণ যা জানার পর, যারা তাকে নিয়ে মজা করেছিলেন তারা হয়ত সত্যিটা বুঝতে পারবেন।

# ধোঁয়াশা কাটিয়ে মেসিকে নিয়ে পরিষ্কার বার্তা মাসচেরানোর

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



অনুশীলনের প্রথম ১৫ মিনিট সংবাদমাধ্যমের জন্য উন্মুক্ত। সেই সময়টায় দেখা গেল লিওনেল মেসিকে। অন্য সবার মতোই গা গরম করলেন। বল পায়ে কসরত করলেন সতীর্থদের সঙ্গে। প্রশ্নটা তাতে উচ্চকিত হলো আরও। তাহলে ম্যাচে কেন দেখা যাচ্ছে না ইন্টার মায়ামি অধিনায়ককে? গত ২৮ ফেব্রুয়ারি ইন্টার মায়ামির কোচ হাভিয়ের মাসচেরানো বলেছিলেন, মেসির কোনো চোট সমস্যা নেই, সব ঠিকঠাক আছে।

কিন্তু গত সপ্তাহে মায়ামির দুইটি ম্যাচেই দেখা যায়নি আর্জেন্টাইন জাদুকরকে। হিউস্টন ডায়নামোর বিপক্ষে ম্যাচটি খেলতে তিনি নিউস্টনে দলের সঙ্গেই যাননি। তখন ধারণা করা হয়েছিল, আগের ১০ দিনের মধ্যে তিন ম্যাচ খেলায় হয়তো বিশ্রাম দেওয়া হয়েছে তাকে। পরে চ্যাম্পিয়ন্স কাপের ম্যাচেও যখন তাকে নামানো হলো না, নানা প্রশ্নের জন্ম হতে থাকল। দলের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে তখন কিছু জানানো হয়নি।

এবার কোচ মাসচেরানো জানালেন মেসিকে নিয়ে হালনাগাদ তথ্য। তিনি জানান, "লিও (মেসি) আগের চেয়ে অনেক ভালো আছে এখন। আমরা আশাবাদী যে, যদি সবকিছু ভালোভাবে এগোয়, তাহলে তার (ম্যাচ খেলার) তালিকায় থাকার সম্ভাবনা আছে। আমরা দেখব। এখনও অনুশীলনের বাকি আছে আমাদের। অনুশীলন বাকি থাকতেই কোনো কিছুর নিশ্চয়তা দিতে পারি না আমি।"

'আগের চেয়ে ভালো' বলতে মেসির কোনো চোটের ব্যাপার ছিল না, সেটিও নিশ্চিত করলেন কোচ। তিনি বলেন, "মেডিকেল টিম আমাকে বলেছে, তার কোনো চোটাঘাত নেই। তবে তার পেশির অবসাদজনিত ব্যাপার ছিল। কয়েকদিনের মধ্যে তিনটি ম্যাচ খেলা, আবহাওয়ার পরিবর্তন ও আরও নানা কিছু মিলিয়েই এটা হয়েছে।"

খেলার জন্য পুরোপুরি তৈরি না থাকলে মেসি বা কাউকে নিয়েই ঝুঁকি নেওয়া হবে না, পরিষ্কার জানিয়ে দিলেন মাসচেরানো। তিনি জানান, "আমার চেয়ে বেশি তো কেউ চায় না যে লিও খেলুক। কারণ আমি জানি, ওকে নিয়ে আমরা আরও বেশি শক্তিশালী। নিজের পায়ে গুলি করার মতো পাগল তো আমি নই। তবে কিছু পরিস্থিতি আছে, প্রতিটি দিন ধরে পর্যালোচনা করতে হয়। শুধু লিওর ক্ষেত্রেই নয়, সব ফুটবলারের ক্ষেত্রেই আমাকে নিশ্চিত করতে হবে, তারা যেন শতভাগ ঠিক থাকলে। নইলে অযথা ঝুঁকি নেব না।"

মেসিকে ছাড়া দুই ম্যাচের প্রথমটিতে হিউস্টন ডায়নামোকে ৪-০ গোলে উড়িয়ে দেয় মায়ামি। পরের ম্যাচে চ্যাম্পিয়ন্স কাপের শেষ ষোলো সিরিজের প্রথম লেগে ক্যাভালিয়ার এফসিকে হারায় ২-০ গোলে। মেসি না থাকলে দলের সবাইকে বাড়তি কিছু দিতে হয়, সেই বার্তা তুলে ধরলেন কোচ মাসচেরানো।

তিনি বলেন, "এটা পরিষ্কার যে, ক্লাবের সব স্টাফ, সব ফুটবলার, সবাইকে উপলব্ধি করতে হবে, লিও যখন থাকে না, তখন আমাদের সবাইকে এগিয়ে আসতে হবে, কারণ বড় একটি শূন্যতা সেখানে আছে।" এভাবেই করতে হবে। সবাইকে এগিয়ে আসতে হবে। আমাকে বেছে নিতে বললে তো অবশ্যই সব ম্যাচে ওকে খেলাতাম, কারণ তাহলে আমরা অনেক বেশি শক্তিশালী। কিন্তু সব ম্যাচে ওকে পাওয়া তো সম্ভব নয়।"

# ত্রিশের আগে-পরের গোলে রোনালদোর অনন্য ভারসাম্য



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

বয়স পেরিয়েছে চল্লিশ। তবে ক্রিস্তিয়ানো রোনালদোকে দেখে মনে হয় তিনি আছেন দুর্বার তারুণ্যে। এখনো গোল করার তাড়না তার আগের মতই এবং গোলও করে যাচ্ছেন নিয়মিত। শুক্রবার আল-নাসেরের হয়ে নতুন আরেক গোলে অন্যরকম এক ভারসাম্যের ছবি দেখালেন তিনি

সৌদি প্রো লিগে আল-শাবাবের বিপক্ষে আল-নাসেরের ২-২ ড্রয়ের সময় রোনালদো ৪৫ মিনিটে পান গোল। আল-আওয়াল পার্কে প্রথমার্ধের অতিরিক্ত সময়ে বক্সের ভেতর থেকে জোরালো শটে গোল করেন। প্রাথমিকভাবে অফসাইডের কারণে বাতিল হলেও, ভিএআর (VAR) পরীক্ষা করার পর গোলটি বৈধ ঘোষণা করা হয়।

এই গোলের মাধ্যমে, প্রায় এক মাস আগে ৪০ পেরুনো রোনালদো একটি অনন্য ভারসাম্য অর্জন করেন। এটি ছিল ৩০ বছর বয়স হওয়ার পর রোনালদোর ৪৬৩তম গোল। ৩০তম জন্মদিনের আগেও তিনি ঠিক সমান সংখ্যক গোল করেছিলেন। পেশাদার ফুটবলে প্রথম খেলোয়াড় হিসেবে ১০০০ গোলের লক্ষ্য নিয়ে ছুটছেন রোনালদো। সেই মাইলফলক থেকে তিনি আছেন আর ৭৪ গোল দূরে। পর্তুগিজ মহাতারকা ক্লাব ফুটবল তো খেলছেনই, আন্তর্জাতিক ফুটবলও ছাড়েননি। ক্যারিয়ার থামার আগে বাকি ৭৪ গোল করে ফেলা তার জন্য খুব স্বাভাবিক বাস্তবতা মনে হচ্ছে।

# এখনই ওয়ানডে থেকে অবসর নিচ্ছি না : রোহিত

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



২০২৪ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপ জেতার পর টি-টোয়েন্টিকে বিদায় জানিয়েছিল রোহিত শর্মা। তাই অনেকে ধারণা করেছিলো এবারও চ্যাম্পিয়ন্স ট্রফির শিরোপা জিতে অবসরে যাবেন তিনি।

তবে ফাইনাল জয়ের পর রোহিত নিজেই জানিয়ে দিয়েছেন, এখনই অবসর নিচ্ছেন না।

দুবাইয়ে ফাইনাল জয়ের পর রোহিত শর্মাকে প্রশ্ন করা হয় তার ভবিষ্যৎ নিয়ে। রোহিত বলেন, 'আমি এই সংস্করণ থেকে অবসর নিচ্ছি না। এ বিষয়ে যেন কোনো গুজব না ছড়ায় তা নিশ্চিত করতেই কথাটা বললাম।'

নিউজিল্যান্ডকে হারিয়ে তৃতীয়বারের মতো চ্যাম্পিয়ন্স ট্রফির শিরোপা জিতেছে ভারত। ফাইনালে নিউজিল্যান্ডকে তারা ৪ উইকেটে হারিয়েছে।

রোহিতের অধীনে ২০২৩ সালের ওয়ানডে বিশ্বকাপের ফাইনাল খেলে ভারত। তবে ফাইনালে অস্ট্রেলিয়ার কাছে হেরে যায় তারা। এরপর পরের বছর তার অধীনেই টি-টোয়েন্টি বিশ্বকাপ জেতে ভারত। আর এবার রোহিতের অধিনায়কত্বে চ্যাম্পিয়ন্স ট্রফির শিরোপা জিতল তারা।

২০০৭ সাল থেকে ভারতের হয়ে ওয়ানডে ক্রিকেট খেলছেন রোহিত শর্মা। ৩৭ বছর বয়সি এই ব্যাটসম্যান এখন পর্যন্ত ওয়ানডেতে ১১ হাজারের উপরে রান করেছেন। ওয়ানডে ক্রিকেটে একমাত্র ব্যাটসম্যান হিসেবে তিনটি ডাবল সেঞ্চুরি করেছেন রোহিত।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR